

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধীনে পিএইচ.ডি উপাধি প্রাপ্তির শর্ত  
পূরণের উদ্দেশ্যে উপস্থাপিত গবেষণা সন্দর্ভের সারসংক্ষেপ

## নির্বাচিত বাংলা সাহিত্যে মহাভারতের প্রতিগ্রহণ ও পর্যালোচনা (১৯০০-২০২০)

গবেষক  
স্নেহাশিস দাসকর্মকার  
বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

তত্ত্বাবধায়ক  
ড. জয়দীপ ঘোষ  
অধ্যাপক ও বিভাগীয় প্রধান  
বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ  
কলা অনুষদ  
যাদবপুর বিশ্ববিদ্যালয়  
কলকাতা-৭০০০৩২

‘নির্বাচিত বাংলা সাহিত্যে মহাভারতের প্রতিগ্রহণ ও পর্যালোচনা (১৯০০-২০২০)’ নিয়ে গবেষণা করতে গিয়ে আমরা বাঙালির মহাভারত চর্চার ধারা বা গতিপথ বুঝতে চেষ্টা করেছি। বলা বাহুল্য, মহাভারত একটি বহুমুখী ও বহুমাত্রিক অভিসন্দর্ভ। তাই মহাভারতকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে ভাবনার প্রয়াস আমরা করতে চেয়েছি। আমরা জানি ভারত একটি বিভিন্ন জাতি, ভাষা, ধর্ম, বর্ণ ও সংস্কৃতির দেশ। এই বহুত্ববাদ ভারতের অন্যতম পরিচয়। ভাবনার এই জায়গা থেকে মহাভারতের পাঠ ও চর্চা আমরা আমাদের গবেষণায় করতে চেয়েছি। কারণ সমকালীন পরিস্থিতিতে সারা ভারত জুড়েই কিছু উগ্র রাজনৈতিক সংগঠন নিজেদের মতো করে ভারতীয় পুরাণ ও মহাকাব্যগুলির নির্মাণ করছে। তাই মহাভারতও সেই সকল রাজনৈতিক সংগঠনের পরিকল্পনার বাইরে থাকছে না। তাই আমাদের গবেষণায় প্রতিটি অধ্যায়েই আমরা খুঁজে দেখতে চেয়েছি মহাভারতের এই বিশালতা ও ভিন্নতাকে। বস্তুতপক্ষে মহাভারতে হিংসা, ঘৃণা, মহাযুদ্ধ, অন্যায়ের মতো প্রেম, ভালোবাসা, নীতি ও ধর্মের জায়গাও সমানভাবে স্থান পেয়েছে। তাই কোনও ব্যক্তির পক্ষেই নির্দিষ্ট একটি ভাবনাকে কেন্দ্র করে বা নির্দিষ্ট একটি ছকে ফেলে মহাভারতকে পাঠ করা অসম্ভব। আমাদের গবেষণায় এগুলিকেই দেখার চেষ্টা হয়েছে। এর পাশে বর্তমান বিশ্বে ঘটে চলা একাধিক যুদ্ধ ও হানাহানি এবং মানুষের প্রতি মানুষের বিভেদ এতটাই বেড়ে চলেছে যে আজ আমরা প্রায় খাদের কিনারে এসে পৌঁছেছি। মূল মহাভারতে তো বটেই, এমনকী বিশ শতক থেকে একুশ শতকের বর্তমান সময় পর্যন্ত যে সমস্ত প্রতিনিধি স্থানীয় সাহিত্যিকেরা মহাভারতীয় বিভিন্ন নাটক, উপন্যাস, ছোটগল্প ও প্রবন্ধ রচনা করেছেন, তাঁদের নির্মিত নবনির্মাণেও প্রথমে মানবতার জয়গান গাওয়া হয়েছে। তাই এই সংকটময় পরিস্থিতিতে মহাভারত আমাদের লড়াইয়ের অন্যতম শক্তি হতে পারে। আমাদের গবেষণা পত্র প্রধান পাঁচটি অধ্যায়ে বিভক্ত।

## প্রথম অধ্যায়: বাংলা উপন্যাসে মহাভারত প্রসঙ্গ: একটি পর্যালোচনা

প্রথম অধ্যায়ে আলোচনা করেছি বাংলা উপন্যাসে মহাভারত প্রসঙ্গ ঠিক কেমনভাবে এসেছে। এই বিষয়ে মূলত বিশ ও একুশ শতকে বেশ কিছু গুরুত্বপূর্ণ উপন্যাসে মহাভারতীয় অনুষঙ্গ যেভাবে এসেছে তা বলার চেষ্টা করেছি। আমাদের আলোচনার ক্ষেত্রে উঠে এসেছেন গজেন্দ্রকুমার মিত্র, বিমল কর, কালকূট, দীপক চন্দ্র এবং বাণী বসুদের মতো উপন্যাসিকেরা। মূলত এঁদের মহাভারতীয় উপন্যাসগুলি নিয়ে আমরা আলোচনা করেছি। উপন্যাসগুলির ঘটনা ও চরিত্র আধুনিক যুগের হয়েও কীভাবে মহাভারতকে ধারণ করে আছে তা দেখানোর চেষ্টা করেছি। তবে এই অংশে মহাভারতের ঘটনা বা চরিত্রের নবনির্মাণ ও পুনর্নির্মাণই মূলত ঘটেছে। আধুনিক যুগের মানুষের দ্বন্দ্ব ও সংকট উপস্থাপনের জন্যই মূলত মহাভারতকে এখানে ব্যবহার করা হয়েছে।

## দ্বিতীয় অধ্যায়: বাংলা ছোটগল্পে মহাভারত কথা

আমাদের দ্বিতীয় অধ্যায়ের নাম বাংলা ছোটগল্পে মহাভারত কথা। এই অধ্যায়ে আমরা একাধিক ছোটগল্পকারদের ছোটগল্পকে নির্বাচন করেছি। এই তালিকায় রাজশেখর বসু ওরফে পরশুরাম যেমন আছেন, তেমনই আছেন জ্যোতির্ময়ী দেবী, বনফুল, প্রেমেন্দ্র মিত্র, গজেন্দ্রকুমার মিত্র, মানিক বন্দ্যোপাধ্যায়, সুবোধ ঘোষ, নরেন্দ্রনাথ মিত্র, নারায়ণ গঙ্গোপাধ্যায়, বিমল কর, সমরেশ বসু, মহাশ্বেতা দেবী, বরেন্দ্ৰ গঙ্গোপাধ্যায়, পূর্ণেন্দু পত্নী, সুনীল গঙ্গোপাধ্যায়, অমলেন্দু চক্রবর্তী, দীপক চন্দ্র, নবনীতা দেবসেন, বাণী বসু, সুচিত্রা ভট্টাচার্য এবং সৌরভ মুখোপাধ্যায় প্রমুখ। মূল মহাভারতের প্রতিগ্রহণ ছোটগল্পকাররা কেমনভাবে করেছেন, কোথায় মূল মহাভারতকে

অতিক্রম করে গিয়ে সমকালীন যুগের চাহিদা মতো কাহিনি নির্মাণ করেছেন, তা এখানে আমরা দেখানোর চেষ্টা করেছি। এঁদের হাত ধরেই ছোটগল্পে মহাভারতের বিনির্মাণ ও নবনির্মাণ আমরা পেয়েছি। আবার সমকালের দ্বন্দ্ব ও সংকটকে ফুটিয়ে তুলতে গিয়ে মহাভারতীয় অনুষঙ্গকে নিপুণভাবে ব্যবহার করতেও দেখেছি।

### তৃতীয় অধ্যায়: বাংলা নাটকে মহাভারত অনুষঙ্গ বিচার ও বিশ্লেষণ

তৃতীয় অধ্যায়ে আমরা দেখিয়েছি বাংলা নাটকে মহাভারতীয় অনুষঙ্গ কেমনভাবে এসেছে। অন্যান্য সাহিত্য সংরূপের সঙ্গে নাটকের পার্থক্য আছে। কারণ নাটক মঞ্চে অভিনয় করা হয়। নাটকের পাশাপাশি যাত্রা ও পালাগান মহাভারতের গল্প ও আখ্যানকে কীভাবে ছড়িয়ে দিতে সাহায্য করেছে, তা আমাদের আলোচনায় উঠে এসেছে। আমরা বিশ শতক থেকে একুশ শতকের সময় পর্যন্ত মহাভারতমূলক যে সকল নাটকগুলি লেখা হয়েছে তার একটি তালিকা এই অংশে যোগ করেছি। অত্যন্ত সমৃদ্ধ সেই নাটকের তালিকা। এর ফলে স্বাভাবিকভাবেই আমাদের বোধগম্য হয় যে, মহাভারত আজও কতটা জনপ্রিয় একটি মহাকাব্য দর্শক ও শ্রোতাদের কাছে। তবে উনিশ শতকে পৌরাণিক নাটকের যে জনপ্রিয়তা ছিল তা বিশ শতকে এসে পরিবর্তিত হয়ে যায়, কারণ বিশ শতকে মানুষের জীবনের দ্বন্দ্ব ও সংকট উপস্থাপন করতে গিয়ে মহাভারতের অনুষঙ্গ নাটককারেরা উপস্থাপন করেছেন। অন্যদিকে উনিশ শতকে দেবতার মাহাত্ম্য ও ঐশ্বর্য প্রকাশের জন্যই নাটকগুলি লেখা হয়েছিল। এই অধ্যায়ে আমরা প্রতিনিধি স্থানীয় নাটককারদের পাশাপাশি অপ্রধান নাটককারদের নিয়েও আলোচনা করেছি। বিস্তারিতভাবে বলার চেষ্টা করেছি ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, ডি এল রায়, রবীন্দ্রনাথ, মন্মথ রায়, বুদ্ধদেব বসু, মনোজ মিত্র ও শাঁওলি মিত্রের মহাভারতমূলক নাটকগুলিকে নিয়ে।

### চতুর্থ অধ্যায়: বাংলা প্রবন্ধে বাঙালির মহাভারত চর্চা: রূপে ও রূপান্তরে

চতুর্থ অধ্যায় আমরা আলোচনা করেছি বাংলা প্রবন্ধে বা প্রবন্ধ গ্রন্থে বাঙালির মহাভারত চর্চার বিষয়ে। অনেক বিখ্যাত প্রবন্ধের গ্রন্থ এই প্রসঙ্গে রয়েছে। যেগুলি বাঙালির মহাভারত চর্চায় নতুন দিশা রেখেছে। বাঙালির মহাভারত চর্চার ধারা যে একমুখী নয়, তা বাস্তবিক অর্থেই বহুমাত্রিক এবং বহুস্তরীয়, তা এই অধ্যায়ে আমরা বিস্তারিতভাবে বুঝতে পেরেছি। পাশাপাশি নীতি ও ধর্মের জটিল বিষয়গুলির, দ্বন্দ্ব ও সংকট মহাভারত কীভাবে সমাধানের পথ দেখিয়েছে তাও আমাদের আলোচনায় উঠে এসেছে। আমাদের আলোচনায় উঠে এসেছেন রবীন্দ্রনাথ, সুকুমার সেন, বুদ্ধদেব বসু, সুখময় ভট্টাচার্য, প্রতিভা বসু, সুকুমারী ভট্টাচার্য, বিমলকৃষ্ণ মতিলাল, অমলেশ ভট্টাচার্য, নৃসিংহপ্রসাদ ভাদুড়ী এবং শামিম আহমেদ প্রমুখ প্রাবন্ধিকদের মহাভারতমূলক রচনাগুলি। এছাড়াও একাধিক অপ্রধান প্রাবন্ধিকদের নিয়ে আলোচনা আমরা করেছি এই অধ্যায়ে।

### পঞ্চম অধ্যায়: বাংলা শিশু এবং কিশোর সাহিত্যে মহাভারত কথার পুনর্নির্মাণ

পঞ্চম অধ্যায়ে আমরা আলোচনা করেছি মূলত শিশুদের মহাভারত নিয়ে যে সমস্ত সাহিত্যিক ভাবনা চিন্তা করেছেন, তাঁদের রচনাগুলি নিয়ে। মহাভারতের জটিল বিষয়গুলি শিশু মনে বোধগম্য হয় না। আবার এই জটিল বিষয়গুলি ছাড়াও মহাভারত অসম্পূর্ণ। যেমন ধরা যাক হিংসা, খুন, যুদ্ধ ছোটদের মনে বিরূপ প্রভাব ফেলে।

আবার গীতার মতো দার্শনিক বইয়ের বক্তব্য শিশুরা বুঝতে পারবে না। ফলে শিশুদের মহাভারত পাঠ অসম্পূর্ণ থেকে যায়। কিন্তু আমাদের সাহিত্যিকেরা দক্ষতার সঙ্গে সেই ফাঁকগুলি রাখেন নি। তাঁদের অসাধারণ উপস্থাপনার জন্যই মহাভারতের যুদ্ধ বা হিংসার ঘটনাগুলি বালক মনের উপযোগী হতে পেরেছে। এর সঙ্গে আছে ছবি ও কার্টুনতে মহাভারতের আখ্যান উপস্থাপন। এটিও অত্যন্ত চমৎকার বিষয়। একগুচ্ছ শিশু সাহিত্যিকেরা শিশুদের মনে মহাভারতের গল্প প্রবেশ করানোর জন্য কতই না ভাবনা রেখেছেন! দেখে অবাক হতে হয় আমাদেরও।

## উপসংহার

আমাদের দীর্ঘ গবেষণায় বেশ কিছু বিষয় উঠে এসেছে, যা অত্যন্ত চমকপ্রদ আমাদের কাছে। প্রথমত, মহাভারত শুধুমাত্র রূপকের আচ্ছাদনে আবৃত নয়। অলৌকিক ঘটনা ও অতিপ্রাকৃত বিষয় মহাভারতে থাকলেও তাতে আছে ইতিহাস পূর্বযুগের ইতিহাস বা ইতিবৃত্ত। আদি মহাভারতের সময়কাল সিন্ধু সভ্যতার থেকেও প্রাচীন। মহাভারত ইতিহাস না হলেও প্রাচীন ভারতবর্ষীয় ইতিহাসের অনেক উপাদান মহাভারতের মধ্যে রয়েছে। দ্বিতীয়ত, কালে কালান্তরে বিভিন্ন রাজনৈতিক পটভূমিতে মহাভারতের পুনর্নির্মাণ, বিশেষত বাংলা সাহিত্যের কাল সীমায় মহাভারতের পুনর্নির্মাণের ধারা। তৃতীয়ত, মহাভারত চর্চায় নবজাগ্রত বাঙালির অন্বেষণ ও সৃষ্টিধারা। চতুর্থত, বিশ শতক ও একুশ শতকে মানুষের জীবনের দ্বন্দ্ব ও সংকট বোঝাতে গিয়ে মহাভারতীয় অনুষঙ্গ গুরুত্বপূর্ণ হয়ে দেখা দিয়েছে। পঞ্চমত, ভারতীয় মহাভারত চর্চার ধারায় বাঙালির অবদান এবং ভারতীয় সাহিত্যে বাঙালির মহাভারত চর্চার জায়গা।

## গ্রন্থপঞ্জি: বাংলা

অমলানন্দ, স্বামী, *মহাভারত কাহিনী*, কলকাতা: রামকৃষ্ণ মিশন কলিকাতা বিদ্যার্থী আশ্রম, ২৪ তম সংস্করণ, ১৪২৫ব

আইয়ুব, আবু সয়ীদ, *আধুনিকতা ও রবীন্দ্রনাথ*, কলকাতা: দে'জ পাবলিশিং, মার্চ ১৯৭৩

আচার্য, দেবীদাস, *মহাভারতে জনবিদ্রোহের উপাদান*, কলকাতা: সিগনেট, ২০১৯

আহমেদ, শামিম, *মহাভারতে গুপ্তহত্যা*, কলকাতা: গাঙচিল, অক্টোবর ২০১৪

— *মহাভারতে দ্রৌপদী*, কলকাতা: গাঙচিল, ডিসেম্বর ২০১৭

— *মহাভারতে নাস্তিকতা*, কলকাতা: সিগনেট প্রেস, জানুয়ারি ২০২০

— *মহাভারতে যৌনতা*, কলকাতা: গাঙচিল, জুন ২০১৮

কর, বিমল, *অসময়*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, প্রথম সংস্করণ, কার্তিক ১৩৭৯ব

— *উড়েখই* (দ্বিতীয় খণ্ড), কলকাতা: আনন্দ পাবলিশার্স, প্রথম প্রকাশ, এপ্রিল ১৯৯৮

— *এই বেদনায়, বিষাদে*, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, প্রথম সংস্করণ, জানুয়ারি ১৯৯৯

— *একত্র*, কলকাতা: বিকাশগ্রন্থ ভবন, বইমেলা ১৯৯১

— *শমীক*, কলকাতা: ডি এম লাইব্রেরী, প্রথম প্রকাশ, বৈশাখ ১৩৮৩ব

কর, বিলল, *বাছাই গল্প*, কলকাতা: মণ্ডল বুক হাউস, একাদশ মুদ্রণ, শ্রাবণ ১৪২৩ব

কার্ভে, ইরাবতী, *যুগান্ত*, অনুবাদ- অরুন্ধতী বন্দ্যোপাধ্যায়, নতুন দিল্লি: সাহিত্য অকাদেমি, ২০১৪

কালকূট, কালকূট রচনা সমগ্র (অষ্টম খণ্ড), কলকাতা: মৌসুমী প্রকাশনী, প্রথম প্রকাশ, ফাল্গুন ১৩৯৩ব

— কালকূট রচনা সমগ্র (নবম খণ্ড), কলকাতা: মৌসুমী প্রকাশনী, প্রথম প্রকাশ, আশ্বিন ১৩৯৬ব

— পৃথা, কলকাতা: মণ্ডল বুক হাউস, তৃতীয় মুদ্রণ, বৈশাখ ১৩৯৩ব

— শাস্ত্র, কলকাতা: আনন্দ পাবলিশার্স, সপ্তদশ মুদ্রণ, শ্রাবণ ১৪২৫ব

গঙ্গোপাধ্যায়, কল্যাণকুমার, ভারতসংস্কৃতিতে ভগবান কৃষ্ণ, কলকাতা: সাহিত্যলোক, আগস্ট ১৯৮৯

গঙ্গোপাধ্যায়, নারায়ণ, সাহিত্যে ছোটগল্প, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, চতুর্থ মুদ্রণ, শ্রাবণ ১৪১৬ব

— নারায়ণ গঙ্গোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প, কলকাতা: প্রকাশ ভবন, পঞ্চদশ মুদ্রণ, আশ্বিন ১৪১৮ব

গঙ্গোপাধ্যায়, সুনীল, নাটক ও কাব্যনাটক সমগ্র, কলকাতা: আনন্দ পাবলিশার্স, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারি ২০১৮

গিরি, সত্যবতী, কৃষ্ণ কথার ক্রমবিকাশ, কলকাতা: রত্নাবলী প্রকাশনী, ১৩৯৪ব

ঘটক, কল্যাণীশঙ্কর, রবীন্দ্রনাথ ও সংস্কৃত সাহিত্য, বর্ধমান: বর্ধমান বিশ্ববিদ্যালয়, ডিসেম্বর ২০০০

ঘোষ, অজিতকুমার, বঙ্গসাহিত্যে হাস্যরসের ধারা, কলকাতা: করুণা প্রকাশনী, ২০০২

— নাট্যতত্ত্ব ও নাট্যমঞ্চ, কলকাতা: দে'জ পাবলিশিং, চতুর্থ সংস্করণ, এপ্রিল ২০১০

ঘোষ, ঈশানচন্দ্র, জাতক, কলকাতা: করুণা প্রকাশনী, ১৩৩৭ব

ঘোষ, শুদ্ধসত্ত্ব, মহাভারত (প্রথম খণ্ড), কলকাতা: অভিযান পাবলিশার্স, জানুয়ারি ২০১৭

— মহাভারত (চতুর্থ খণ্ড), কলকাতা: অভিযান পাবলিশার্স, জানুয়ারি ২০১৮

— মহাভারত (তৃতীয় খণ্ড), কলকাতা: অভিযান পাবলিশার্স, জুন ২০১৮

— মহাভারত (দ্বিতীয় খণ্ড), কলকাতা: অভিযান পাবলিশার্স, জানুয়ারি ২০১৭

— মহাভারত (পঞ্চম খণ্ড), কলকাতা: অভিযান পাবলিশার্স, জানুয়ারি ২০১৯

ঘোষ, সুবোধ, ভারত প্রেমকথা, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, সপ্তম মুদ্রণ, ফাল্গুন ১৪২৫ব

চক্রবর্তী, ননীগোপাল, মহাভারত: প্রসঙ্গ চরিত্র, কলকাতা: কবিতীর্থ, জানুয়ারি ২০১১

চক্রবর্তী, পূর্ণচন্দ্র, ছবিতে মহাভারত, কলকাতা, সংশোধিত বহুবর্ণ সংস্করণ, ডিসেম্বর ২০০৯

চক্রবর্তী, বিষ্ণুপদ, মহাভারত, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৪২৩ব

চক্রবর্তী, রণবীর ও অন্যান্য (সম্পাদিত), সমাজ সংস্কৃতি ইতিহাস (অধ্যাপক অশীন দাশগুপ্ত স্মারকগ্রন্থ), কলকাতা: আনন্দ, সেপ্টেম্বর ২০১৯

চক্রবর্তী, সুধীর (সম্পাদিত), বুদ্ধিজীবীর নোটবই, কলকাতা: পুস্তক বিপণি, নভেম্বর ২০১১

চট্টোপাধ্যায়, কুন্তল, সাহিত্যের রূপ-রীতি ও অন্যান্য প্রসঙ্গ, কলকাতা: রত্নাবলী, মে ২০১১

চট্টোপাধ্যায়, দেবীপ্রসাদ, লোকায়ত দর্শন, কলকাতা: নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, পুনর্মুদ্রণ ১৪১৬ব

চট্টোপাধ্যায়, সঞ্জীব, শেষ প্রহর, কলকাতা: আনন্দ পাবলিশার্স, প্রথম সংস্করণ, এপ্রিল ২০১৮

— শ্রীকৃষ্ণের শেষ কটা দিন, কলকাতা: আনন্দ পাবলিশার্স, সপ্তম মুদ্রণ, সেপ্টেম্বর ২০১৯

— শ্রীমতী রাধার শেষ সংবাদ, কলকাতা: আনন্দ পাবলিশার্স, চতুর্থ মুদ্রণ, জুন ২০২৩

চট্টোপাধ্যায়, সুনীতিকুমার, সাংস্কৃতিকী, কলকাতা: আনন্দ পাবলিশার্স, দ্বিতীয় অখণ্ড সংস্করণ, আগস্ট ২০১৯

চন্দ্র, দীপক, কৃষ্ণ ভগবান, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারি ১৯৯৭

— পৌরাণিক প্রেমকথা, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, জুলাই ২০১৩

— যোজন গঙ্গা সত্যবতী, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, মে ২০১১

— অগ্নিগর্ভ খাণ্ডব, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০০৩

- *উর্বশী জননী*, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, জুন ২০০২
- *কুন্তীর তর্জনী*, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০০০
- *পাণ্ডবদের মহাপ্রস্থানের পথে*, কলকাতা: দে'জ পাবলিশিং, আগস্ট ২০১৬
- *বাংলা নাটকে আধুনিকতা ও গণচেতনা*, কলকাতা: দে'জ পাবলিশিং হাউস, দ্বিতীয় সংস্করণ, ২০০১
- জানা, নরেশচন্দ্র, *শকুন্তলা ও সীতার বনবাস: বিদ্যাসাগর*, কলকাতা: সাহিত্যলোক, জুলাই ২০১৫
- ঠাকুর, রবীন্দ্রনাথ, *কালান্তর*, কলকাতা: বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, ভাদ্র ১৪১৬ব
- *সঞ্চয়িতা*, কলকাতা: ইউনাইটেড পাবলিশার্স, জানুয়ারি ২০০২
- *রবীন্দ্র রচনাবলী* (পঞ্চদশ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, আগস্ট ২০১৬
- *রবীন্দ্র রচনাবলী* (সপ্তদশ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, জুন ২০১৭
- *রবীন্দ্র রচনাবলী* (ষোড়শ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ডিসেম্বর ২০১৬
- *রবীন্দ্র রচনাবলী* (চতুর্দশ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, মে ২০১৬
- *রবীন্দ্র রচনাবলী* (উনবিংশ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ডিসেম্বর ২০২০
- *রবীন্দ্র-রচনাবলী* (ত্রয়োদশ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ডিসেম্বর ২০১৫
- *রবীন্দ্র-রচনাবলী* (একাদশ খণ্ড), কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, মে ২০১৫
- দত্ত, অজিত, *বাংলা সাহিত্যে হাস্যরস*, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৩
- দত্ত, শিপ্রা, *চরিত্রে রামায়ণ ও মহাভারত*, কলকাতা: কালিকা প্রেস, বৈশাখ ১৩৬১ব
- দত্ত, হর্ষ, *বিকর্ণ*, কলকাতা: আনন্দ, প্রথম সংস্করণ, নভেম্বর ১৯৯৫
- দাশগুপ্ত, শশিভূষণ, *ছোটদের ব্যাসদেব-রচিত মহাভারত*, কলকাতা: শিশু সাহিত্য সংসদ, প্রথম সংস্করণ, অক্টোবর ১৯৬৩
- দাস, কাশীরাম, *মহাভারত*, কলকাতা: দেব সাহিত্য কুটীর, মুদ্রণ ২০১৩
- দেবসেন, নবনীতা, *গল্প সমগ্র* (২), কলকাতা: সুপ্রকাশনী, ফেব্রুয়ারি ১৯৬৫
- *সীতা থেকে শুরু*, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, অষ্টম মুদ্রণ, ২০১৫
- দেবী, মহাশ্বেতা, *মহাশ্বেতা দেবীর ছোটগল্প সংকলন*, কলকাতা: ন্যাশনাল বুক ট্রাস্ট, দ্বিতীয় মুদ্রণ, ১৯৯৪
- বন্দ্যোপাধ্যায়, অসিতকুমার, *বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিবৃত্ত*, কলকাতা: মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড, সংশোধিত চতুর্থ সংস্করণ, মাঘ ১৩৮৪ব.
- বন্দ্যোপাধ্যায়, বিবেকানন্দ, *তুলনামূলক আলোচনায় রামায়ণ ও মহাভারত*, কলকাতা: সংস্কৃত বুক ডিপো, জানুয়ারি ২০০০
- বন্দ্যোপাধ্যায়, মানিক, *মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প*, কলকাতা: বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ২৪ তম মুদ্রণ, মার্চ ২০০৮
- *মানিক বন্দ্যোপাধ্যায়ের বাছাই গল্প*, কলকাতা: নাভানা, প্রথম প্রকাশ, ১৯৬৫
- বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ, *বাংলা সাহিত্যে পৌরাণিক নাটক*, কলকাতা: বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা বইমেলা ২০১১
- বন্দ্যোপাধ্যায়, শ্রীকুমার, *রবীন্দ্র সৃষ্টি সমীক্ষা* (প্রথম খণ্ড), কলকাতা: মর্ডান বুক এজেন্সি, ১৩৭২ব
- বসু, গিরিন্দ্রশেখর, *পুরাণপ্রবেশ*, কলকাতা: বিবেকানন্দ বুক সেন্টার, চতুর্থ সংস্করণ, ১৪১৯ব
- বসু, প্রতিভা, *মহাভারতের মহারণ্যে*, কলকাতা: বিকল্প প্রকাশনী, ২০১৯
- বসু, বাণী, *অষ্টম গর্ভ*, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দশম মুদ্রণ, নভেম্বর ২০১৮

- অষ্টম গর্ভ(২), কলকাতা: দে'জ পাবলিশিং, ডিসেম্বর ২০১৪
- কালিন্দী, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, জুন ২০১৯
- কৃষ্ণ, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৬
- কৃষ্ণ বাসুদেব, কলকাতা: দে'জ পাবলিশিং, ডিসেম্বর ২০২১
- ক্ষত্র, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৭
- ক্ষত্রবধু, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৭
- পাঞ্চাল কন্যা কৃষ্ণা, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৮
- সুযোজন-দুর্যোজন, কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৮
- বসু, বুদ্ধদেব, অনামী অঙ্গনা ও প্রথম পার্থ, কলকাতা: দে'জ পাবলিশিং, নভেম্বর ২০১৭
- কালসন্ধ্যা, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, আগস্ট ২০০২
- তপস্বী ও তরঙ্গিণী, কলকাতা: আনন্দ পাবলিশার্স, চতুর্থ মুদ্রণ, আশ্বিন ১৪২২ব
- মহাভারতের কথা, কলকাতা: সিগনেট প্রেস, ২০১৯
- সংক্রান্তি: প্রায়শ্চিত্ত: ইক্কাকু সেম্বিন, কলকাতা: দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, আগস্ট ২০০২
- সাহিত্য চর্চা, কলকাতা: দে'জ পাবলিশিং, আশ্বিন ১৩৯৯ব
- বসু, রাজশেখর, কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস কৃত মহাভারত, কলকাতা: এম. সি. সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, ১৪১৪ব
- পরশুরাম গল্পসমগ্র, কলকাতা: এম সি সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, অক্টোবর ২০১০
- বসু, শঙ্করীপ্রসাদ, কৃষ্ণ, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, প্রথম সংস্করণ, ডিসেম্বর ২০১৮
- বিজলী, উত্থানপদ, ছোটোদের রঙিন মহাভারত, কলকাতা: হোলি চাইল্ড পাবলিকেশন, মার্চ ২০১৯
- বিদ্যাবিনোদ, ক্ষীরোদপ্রসাদ, ক্ষীরোদপ্রসাদ নাটক সমগ্র (দ্বিতীয় খণ্ড), কলকাতা: সাহিত্য সংসদ, ১৯৯৮
- বিশ্বাশ্রয়ানন্দ, স্বামী, মহাভারতের গল্প, কলকাতা: উদ্বোধন কার্যালয়, ষষ্ঠ সংস্করণ, ডিসেম্বর ১৯৮৩
- বিশ্বাস, নিবেদিতা, মহাভারত: প্রসঙ্গ, প্রসঙ্গান্তর, কলকাতা: দে পাবলিকেশন্স, জানুয়ারি ২০১৫
- ভট্টাচার্য, অমলেশ, মহাভারতের কথা, কলকাতা: প্রতিভাস, জানুয়ারি ২০১৫
- ভট্টাচার্য, আশুতোষ, বাংলা নাট্য সাহিত্যের ইতিহাস (দ্বিতীয় খণ্ড), কলকাতা: এ মুখার্জী অ্যান্ড কোং প্রাইভেট লিমিটেড, সপ্তম সংস্করণ, ২০০৯
- ভট্টাচার্য, তপোধীর, ঐতিহ্যের পুনর্নির্মাণ, কলকাতা: বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা বইমেলা ২০০৮
- প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব, মেদিনীপুর: অমৃতলোক সাহিত্য পরিষদ, দ্বিতীয় পরিবর্ধিত সংস্করণ, ফেব্রুয়ারি ২০০২
- ভট্টাচার্য, দেবীপদ, রবীন্দ্র-চর্যা, কলকাতা: রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, শ্রাবণ ১৪০৬ব
- ভট্টাচার্য, ধীরেশচন্দ্র, নায়ক যুধিষ্ঠির, কলকাতা: আনন্দ, ২০১৯
- মহাভারতের একশোটি দুর্লভ মুহূর্ত, কলকাতা: আনন্দ, জুন ২০১৭
- মহাভারতের নারী, কলকাতা: আনন্দ, জুন ২০১৮
- ভট্টাচার্য, বীতশোক, পুরাণ প্রতিমায় রবীন্দ্রনাথ, বাণীশিল্প, ফেব্রুয়ারি ২০০৭
- ভট্টাচার্য, রামকৃষ্ণ, চার্বাক চর্চা, কলকাতা: এন বি এ, আগস্ট ২০১৭
- ভট্টাচার্য, সুকুমারী, হিন্দু সাম্প্রদায়িকতা, কলকাতা: দীপ প্রকাশন, বইমেলা ২০০০
- প্রবন্ধসংগ্রহ (দ্বিতীয় খণ্ড), কলকাতা: গাঙচিল, সেপ্টেম্বর ২০১২
- প্রবন্ধসংগ্রহ (প্রথম খণ্ড), কলকাতা: গাঙচিল, অক্টোবর ২০১২

ভট্টাচার্য, সুখময়, *মহাভারতের সমাজ*, শান্তিনিকেতন: বিশ্বভারতী গবেষণা প্রকাশন বিভাগ, ১৩৮৯ব

— *সংস্কৃতানুশীলনে রবীন্দ্রনাথ*, কলকাতা: অরুণা প্রকাশনী, ডিসেম্বর ১৯৯৯

— *মহাভারতের চরিতাবলী*, কলকাতা: আনন্দ, ২০১৯

ভট্টাচার্য, সুচিত্রা, *শ্রেষ্ঠ গল্প*, কলকাতা: পুষ্প, অজ্ঞাত

ভাদুড়ী, নৃসিংহপ্রসাদ, *কৃষ্ণা কুন্তী এবং কৌন্তেয়*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, সেপ্টেম্বর ২০১৬

— *দণ্ডনীতি*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, মে ২০১০

— *দেবতার মানবায়ন*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, জুন ২০১৮

— *বাল্মীকির রাম ও রামায়ণ*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, আগস্ট ২০১৮

— *মহাভারত*, কলকাতা: শিশু সাহিত্য সংসদ, জানুয়ারি ১৯৯৩

— *মহাভারতের অষ্টাদশী*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, জানুয়ারি ২০১৮

— *মহাভারতের ছয় প্রবীণ*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, জুন ২০১৮

— *মহাভারতের ভারতযুদ্ধ এবং কৃষ্ণ*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, শ্রাবণ ১৪২৫ব

— *কথা অমৃতসমান* (চতুর্থ খণ্ড), কলকাতা: দে'জ পাবলিশিং, জুলাই ২০১৬

— *কথা অমৃতসমান* (প্রথম খণ্ড), কলকাতা: দে'জ পাবলিশিং, নভেম্বর ২০১৭

— *কথা অমৃতসমান* (পঞ্চম খণ্ড), কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৯

— *কথা অমৃতসমান* (দ্বিতীয় খণ্ড), কলকাতা: দে'জ পাবলিশিং, নভেম্বর ২০১৭

— *কথা অমৃতসমান* (তৃতীয় খণ্ড), কলকাতা: দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০১৬

— *মহাভারত: নীতি অনীতি দুর্নীতি*, কলকাতা: পত্রলেখা, ২০১৬

— *মহাভারতের প্রতিনায়ক*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, জুলাই ২০১৮

— *মহাভারতের লঘু-গুরু*, কলকাতা: পত্রলেখা, ২০১৬

মজুমদার, উজ্জ্বলকুমার, *রাতের তারা দিনের রবি*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, ফাল্গুন ১৪১৮ব

মজুমদার, তিলোত্তমা, *অর্জুন ও চারকন্যা*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, তৃতীয় মুদ্রণ, ফেব্রুয়ারি ২০১৫

মজুমদার, পম্পা, *রবীন্দ্র সংস্কৃতির ভারতীয় রূপ ও উৎস*, কলকাতা: দে'জ পাবলিশিং, অগ্রহায়ণ ১৪১৪ব

মজুমদার, লীলা, *মহাভারতের গল্প*, কলকাতা: শিশু সাহিত্য সংসদ, এপ্রিল ২০২২

মজুমদার, সুবোধ চন্দ্র, *ছোটদের মহাভারত*, কলকাতা: দেব সাহিত্য কুটীর প্রাইভেট লিমিটেড, ১৪২৬ব

মণ্ডল, সত্যদুলাল, *মহাভারত ভাবনা*, কলকাতা: একুশ শতক, জানুয়ারি ২০১২

মতিলাল, বিমলকৃষ্ণ, *নীতি, যুক্তি ও ধর্ম*, কলকাতা: আনন্দ, ১৪২৬

মল্লিক, নিতাই, *রবীন্দ্র সাহিত্যে রামায়ণ ও মহাভারত*, কলকাতা: গিরিজা লাইব্রেরী, কলকাতা বইমেলা ২০১৮

মিত্র, গজেন্দ্রকুমার, *পাঞ্চজন্য*, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, আশ্বিন ১৪২৫ব

— *মহাভারতের নীতিগল্প*, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৪২২ব

— *শিশু মহাভারত*, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ২০০৪

মিত্র, দীপঙ্কর, *অনাদৃত নায়ক ইন্দ্রজ অর্জুন*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, প্রথম সংস্করণ, অক্টোবর ২০১৮

মিত্র, প্রেমেন্দ্র, *ঘনাদা সমগ্র ২*, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, মে ২০১১

মিত্র, বীরেন্দ্র, *কুরুক্ষেত্রে দেব শিবির*, কলকাতা: নাথ পাবলিশিং হাউস, জুলাই ১৯৬০

মিত্র, মনোজ, *রামায়ণী মহাভারতী*, কলকাতা: দে'জ পাবলিশিং, আগস্ট ২০১৯

মিত্র, রাজ্যেশ্বর, *মহাভারত চিন্তা*, কলকাতা: নবপত্র প্রকাশন, বৈশাখ ১৩৭২ব



মিত্র, শাঁওলী, *নাথবতী অনাথবৎ ও কথা অমৃতসমান*, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স, তৃতীয় মুদ্রণ, ফাল্গুন ১৪২৬ব

মুখোপাধ্যায়, সৌরভ, *গোল গল্প চৌকো গল্প*, কলকাতা: দ্যা ক্যাফে টেবিল, তৃতীয় প্রকাশ, ২০২২

— *যুগ-সম্ভাবিনী*, কলকাতা: অন্তরীপ পাবলিকেশন, জানুয়ারি ২০২৩

— *দৈবদৃষ্টি*, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, তৃতীয় মুদ্রণ, জ্যৈষ্ঠ ১৪৩০ব

— *প্রথম প্রবাহ*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, প্রথম সংস্করণ, জানুয়ারি ২০১৭

রাঘবেশানন্দ, স্বামী, *সচিত্র মহাভারত*, অনুবাদ- অধ্যাপক সোমনাথ ভট্টাচার্য (পঞ্চম ভাগ), কলকাতা: উদ্বোধন কার্যালয়, ফেব্রুয়ারি ২০১৯

— *সচিত্র মহাভারত* (দ্বিতীয় ভাগ), কলকাতা: উদ্বোধন কার্যালয়, দ্বিতীয় সংস্করণ, আগস্ট ২০১৯

— *সচিত্র মহাভারত*, অনুবাদ- তারকনাথ দে (তৃতীয় ভাগ), কলকাতা: উদ্বোধন কার্যালয়, আগস্ট ২০১৯

— *সচিত্র মহাভারত*, অনুবাদ- অরুণ গুপ্ত (প্রথম ভাগ), কলকাতা: উদ্বোধন কার্যালয়, দ্বিতীয় সংস্করণ, ফেব্রুয়ারি ২০১৯

— *সচিত্র মহাভারত*, অনুবাদ- কমল নন্দী (চতুর্থ ভাগ), কলকাতা: উদ্বোধন কার্যালয়, জুন ২০১৯

রায়, দ্বিজেন্দ্রলাল, *দ্বিজেন্দ্র রচনাবলী*, কলকাতা: সাহিত্য সংসদ, অষ্টম মুদ্রণ, ২০১২

— *ভীষ্ম*, কলকাতা: বেঙ্গল মেডিকেল লাইব্রেরি, বৈশাখ ১৩৫৪

রায়, মন্মথ, *কারাগার*, কলকাতা: প্রজ্ঞাবিকাশ, নভেম্বর ২০১১

রায়চৌধুরী, উপেন্দ্রকিশোর, *উপেন্দ্রকিশোর রচনাসমগ্র (১)*, কলকাতা: রিফ্লেক্ট পাবলিকেশন, সপ্তম সংস্করণ, সেপ্টেম্বর ১৯৯২

রায়চৌধুরী, ঝুমা, *কথাসাহিত্যে সমরেশ: সামগ্রিক মূল্যায়ন* (দ্বিতীয় খণ্ড), কলকাতা: পূর্বাশা, প্রথম প্রকাশ, মাঘ ১৪১৩ব

লাহিড়ী, দীপঙ্কর, *শাস্ত্র: মহাভারতের পুনর্পাঠ*, কলকাতা: মনফকিরা, মে ২০১২

শীল, শঙ্কর, *মহাভারতের নরনারী*, কলকাতা: প্রতিভাস, আগস্ট ২০১১

সরকার, পবিত্র, *নাট্যমঞ্চ নাট্যরূপ*, কলকাতা: দে'জ পাবলিশিং, প্রথম অখণ্ড দে'জ সংস্করণ, মার্চ ২০০৮

সরকার, যোগীন্দ্রনাথ, *ছোটদের মহাভারত*, কলকাতা: শিশু সাহিত্য সংসদ প্রাইভেট লিমিটেড, প্রথম সংস্করণ, জুলাই ১৯৭৬

সরকার, সুধীরচন্দ্র(সংকলিত), *পৌরাণিক অভিধান*, কলকাতা: এম. সি. সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, পৌষ ১৪১২ব

সিদ্ধান্তবাগীশ, হরিদাস, *মহাভারতম্* (তৃতীয় খণ্ড), কলকাতা: বিশ্ববাণী প্রকাশনী, মাঘ ১৩৮৩ব

সুর, অতুল, *মহাভারত ও সিদ্ধু সভ্যতা*, ঢাকা বাংলাদেশ: আকাশ, বইমেলা ২০২৩

সুর, সুমনা দাস, *বিমল করের কথাসাহিত্য*, কলকাতা: এবং মুশায়েরা, প্রথম প্রকাশ, পৌষ ১৪১৫ব

সেন, নবেন্দু (সম্পাদনা), *পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্যভাবনা*, কলকাতা: রত্নাবলী, অক্টোবর ২০১২

সেন, শিশিরকুমার, *মহাভারতের মূল কাহিনী ও বিবিধ প্রসঙ্গ*, কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, শ্রাবণ ১৩৯০ব

সেন, সুকুমার, *প্রবন্ধ সংকলন* (চতুর্থ খণ্ড), কলকাতা: আনন্দ পাবলিশার্স, এপ্রিল ২০১৮

সেনগুপ্ত, চন্দ্রমল্লী, *মিথ-পুরাণের ভাঙাগড়া*, কলকাতা: পুস্তক বিপণি, এপ্রিল ২০০১

সেনগুপ্ত, মল্লিকা, *স্ট্রীলিঙ্গ নির্মাণ*, কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, নভেম্বর ২০১২

সেনগুপ্ত, মিহির, *বিদুর*, কলকাতা: সাহিত্য সংসদ, প্রথম সংস্করণ, ২০১২

হোসেন, সেলিনা, *ঘরগেরস্থির রাজনীতি*, ঢাকা: ইত্যাদি গ্রন্থ প্রকাশ, ২০১৯  
— *পঞ্চাশটি গল্প*, কলকাতা: আনন্দ পাবলিশার্স, জানুয়ারি ২০১৪

## গ্রন্থপঞ্জি: ইংরেজি

Abrams, M.H, *A Glossary of Literary Terms*, Delhi: Cengage Learning India Private Limited, 2018  
Bandyopadhyay, Sibaji, *THREE ESSAYS ON THE MAHABHARATA*, Delhi: Orient Blackswan Private Limited, January 2015  
Chakrabarti, Arindam and Bandyopadhyay, Sibaji (editors), *Mahabharata Now: Narration, Aesthetics, Ethics*, Delhi: Routledge India, January, 2022  
Dasgupta, Chakraborty Subha, *A Bibliography of Reception World Literature in Bengali Periodicals (1890-1900)*, Calcutta: Jadavpur University press, August 1992  
Freund, Elizabeth, *The Return of the Reader: Reader Response Criticism*, New York: Methuen & Co. Ltd., 1st Pub. 1987  
Ghosh, N N, *Early History of India*, Allahabad: The Indian press Ltd., First ed. 1939  
Holub, Robert C, *Reception Theory: A Critical Introduction*, London and New York: Methuen & co. Ltd., 1st Pub. 1984  
Kosambi, D D, *Myth and Reality*, Bombay: popular prokashan, 1962.  
Majumdar, R C, *Historian of India, Pakistan and Ceylon*. London: OUP, 1961  
Matilal, Bimal Krishna, *Ethics and Epics: The Collected Essays of Bimal Krishna Matilal* (volume 2) (Philosophy, Culture and Religion), Delhi: OUP, June 2015  
Selden, Raman, *A Reader Guide to Contemporary Literary Theory*, London: The Harvester Press Ltd., 1st Pub. 1985

## পত্রপত্রিকা—পঞ্জি

চট্টোপাধ্যায়, অরুণকুমার (সম্পাদিত), *বোধ*, মহাভারত সংখ্যা, অক্টোবর ২০০১  
চৌধুরী, রীনা (সম্পাদিত), *এবং জলঘাড়ি*, ক্রোড়পত্র প্রসঙ্গ: মহাভারত, ডিসেম্বর ২০১৮- মার্চ ২০১৯  
দাস, সোমনাথ (সম্পাদিত), *সময় তোমাকে*, বিশেষ সংখ্যা- আধুনিক বাংলা ছোটগল্পে মিথ, পঞ্চম বর্ষ ২০১১  
ফুয়াদ, আফিফ (সম্পাদিত), *দিবারাত্রির কাব্য*, সুকুমারী ভট্টাচার্য সংখ্যা, ২০১৬  
ভট্টাচার্য, মহুয়া (সম্পাদিত), *এবং আমরা*, প্রথম বর্ষ, প্রথম সংখ্যা, ২০১৫  
ভৌমিক, তাপস (সম্পাদিত), *কোরক সাহিত্য পত্রিকা*, মহাভারত বিশেষ সংখ্যা, শারদীয় ২০১৪  
মণ্ডল, সন্তোষকুমার (সম্পাদিত), *উদ্ধালক*, সপ্তদশ বর্ষ, জানুয়ারি-জুন ২০২৩  
মিত্র, দীপক ও সেন, সিদ্ধার্থ (সম্পাদিত), *অন্যকথা*, একাদশ বার্ষিক সংখ্যা, ১৪২২২৮

রায়, তাপস (সম্পাদিত), *চন্দ্রগ্রহণ*, শারদ সংখ্যা, ১৪২১

শূর, চিরঞ্জীব (সম্পাদিত), *আলোচনা চক্র*, ২১ তম সংকলন, ২০০৩

## গবেষণা পদ্ধতি গ্রন্থ

ইসলাম, শেখ মকবুল, গবেষণার পদ্ধতিবিজ্ঞান সাহিত্য- সমাজ- সংস্কৃতি, কলকাতা: বঙ্গীয় সাহিত্য সংসদ, ডিসেম্বর ২০১২

গোস্বামী, জয়ন্ত, সাহিত্য গবেষণা পদ্ধতি ও প্রয়োগ, কলকাতা: পুস্তক বিপণি, জুন ২০১৬

বন্দ্যোপাধ্যায়, সুরভি, গবেষণা: প্রকরণ ও পদ্ধতি, কলকাতা: দে'জ পাবলিশার্স, জানুয়ারি ২০১১

মুখোপাধ্যায়, জগমোহন, গবেষণা-পত্র অনুসন্ধান ও রচনা, কলকাতা: আনন্দ পাবলিশার্স, মার্চ ২০১২

## ওয়েবসাইট থেকে প্রাপ্ত তথ্য আর্কাইভ্যাল এবং বৈদ্যুতিন তথ্যপঞ্জি

<https://thewire.in/books/how-does-caste-operate-in-indian-higher-education> তারিখ ও সময়- ২২/৩/২০২০, ৯ pm

[https://www.youtube.com/watch?v=-iKDEd\\_IHNY](https://www.youtube.com/watch?v=-iKDEd_IHNY)

তারিখ ও সময়- ২২/৩/২০২০, ৯.১৭ pm

<https://www.anandabazar.com/india/university-was-responsible-rohit-vemula-suicide-claims-2-1.294789> তারিখ ও সময়-২৮/০৪/২০২০, ১১ am

[https://zeenews.india.com/bengali/nation/dalit-student-at-iit-bombay-who-died-allegedly-by-suicide-had-spoken-to-his-sister-and-aunt-about-being-ostracised-by-his-friends-because-of-his-caste\\_458969.html](https://zeenews.india.com/bengali/nation/dalit-student-at-iit-bombay-who-died-allegedly-by-suicide-had-spoken-to-his-sister-and-aunt-about-being-ostracised-by-his-friends-because-of-his-caste_458969.html)

তারিখ ও সময়- ০১/০৫/২০২০, ৭ am

[https://zeenews.india.com/bengali/nation/inquiry-commission-report-says-rohith-vemula-was-a-troubled-individual\\_172013.html](https://zeenews.india.com/bengali/nation/inquiry-commission-report-says-rohith-vemula-was-a-troubled-individual_172013.html)

তারিখ ও সময়- ০১/০৫/২০২০, ৯.৩৮ am

<https://eisamay.com/editorial/post-editorial/how-dark-is-afghanistan-under-taliban-rule/articleshow/85926932.cms>

তারিখ ও সময়- ০১/০৯/২০২৩, ৭ am

<https://www.anandabazar.com/world/womens-rights-not-priority-says-taliban-spokesperson-after-education-ban-in-afghanistan-dgtl/cid/1399743>

তারিখ ও সময়- ২২/০৯/২০২৩, ১১.৩০ am

<https://www.anandabazar.com/world/un-says-afghanistan-is-most-repressive-country-for-women-in-the-world-dgtl/cid/1412771>

তারিখ ও সময়- ২২/০৯/২০২৩, ১০.৪০ am

<https://bangla.aajtak.in/desh/story/since-taliban-took-power-they-issued-36-edicts-eliminating-womens-rights-said-fawzia-koofi-in-india-today-conclave-2023-hijab-hate-state-sum-528284-2023-03-17>

তারিখ ও সময়- ২৪/০৯/২০২৩, ৭.৫০ am

<https://bangla.hindustantimes.com/nation-and-world/sri-lankan-ex-president-gotabaya-rajapakse-s-family-leaves-for-us-says-report-31672056082085.html>

তারিখ ও সময়- ১৫/০৯/২০২৩, ৭ pm

<https://bengali.abplive.com/news/year-ender-2022-sri-lanka-observes-economic-and-political-crisis-huge-protest-in-2022-945439>

<https://www.youtube.com/watch?v=i6oNiE65PiI>

তারিখ ও সময়- ১৫/১১/২০২৩, ৭ pm

<https://www.youtube.com/watch?v=VcPL8KTXrfg>

তারিখ ও সময়- ১৫/১১/২০২৩, ৭ pm

<https://pib.gov.in/PressReleasePage.aspx?PRID=1654179>

তারিখ ও সময়- ১৫/১১/২০২৩, ৭ pm

<https://www.telegraphindia.com/india/ugc-stops-research-projects-due-to-lack-of-funds-from-centre/cid/1846232>

তারিখ ও সময়- ১৫/১২/২০২২, ৭ pm

<https://timesofindia.indiatimes.com/education/news/discontinuation-of-manf-is-regressive-and-undermines-indias-research-ecosystem/articleshow/97734610.cms?from=mdr>

তারিখ ও সময়- ১৭/১২/২০২২, ৭ pm

## সহায়ক গবেষণা গ্রন্থ

মহাভারত আশ্রয়ী বাংলা নাটক: ১৮৫২-১৯১২

গবেষক- গৌতম চন্দ্র বাউড়

তত্ত্বাবধায়ক- অধ্যাপক ড. তপন মণ্ডল

বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, ১০১৯

পরশুরামের ছোটোগল্প: নির্মাণের শিল্প

গবেষক- সঞ্জিতা বোস

তত্ত্বাবধায়ক- অধ্যাপক ড. শম্পা চৌধুরী

বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, ২০১৫

মহাভারত চর্চার দিশা ও বাঙালি মনীষা

গবেষক- সুজয়কৃষ্ণ চক্রবর্তী

তত্ত্বাবধায়ক- ড. নৃসিংহপ্রসাদ ভাদুড়ী

বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২০১৭